# 2 0 1 9

## ELECTIVE BENGALI

Paper : 6.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

'অসমের বাংলা সাহিত্য' অথবা 'প্রতিবেশী সাহিত্য'-এর যে কোনো একটি থেকে উত্তর দাও

**( অসমের বাংলা সাহিত্য )**

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) গুণধরের বাবার দোকানের নাম কী?

(খ) গুণধর বিশেষ করে কোন্ গানটি গায়?

(গ) "ওই কালো মুখ পেছনে ফেলে এক পা এগুনোরও শক্তি রাখে না সে।" 'কালো মুখ'টি কার?

(ঘ) "এই দৃষ্টি গুণধরের বাবার চেনা।" কার দৃষ্টির কথা উল্লেখ করা হয়েছে?

(ঙ) পবিত্র তার মায়ের চিকিৎসার জন্য কী বেচতে চেয়েছিল ?

(চ) ১৯৬১ সালে সুজিৎ চৌধুরীর বাবাকে জেলে যেতে হয়েছিল কেন ?

(ছ) সুভাষচন্দ্র বসুর পত্রিকাটির নাম কী ?

(জ) সুজিৎ চৌধুরীর জন্ম কোথায় হয়েছিল ?

(ঝ) পাইলগাঁও স্কুলের প্রধান শিক্ষকের নাম কী ?

(ঞ) পাইলগাঁও কোন্ থানার অধীনে ছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) বি.এ.-তে ফরটিসিক্স পয়েন্ট থ্রি সেভেন পার্সেন্ট মার্কস্ কে পেয়েছিল ? তার বাবা তাকে কী উপহার দিয়েছিল ?

(খ) গুণধরদের দোকানে নকল এক টাকার কয়েন নিয়ে কে এসেছিল এবং কেন ?

(গ) "আমার মায়ের এই শেষ স্মৃতিটুকু বুকে আঁকড়ে বাঁচতে চাই।" বক্তা কে ? তার মায়ের শেষ স্মৃতিটুকু কী ?

(ঘ) লেখক নিরঞ্জন মজুমদারের ছদ্মনাম কী ছিল ? তাঁর লেখা বইটির নাম কী ছিল ?

(ঙ) ছেলেবেলায় সুজিৎ চৌধুরীরা বর্ষাকালে এবং শীতকালে মাছ ধরার জন্য কোথায় কোথায় ছিপ ফেলতেন ?





৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) "দুনিয়ার ঠিকাদারি নিয়ে বসে আছ তুমি!" কে, কাকে এ-কথা বলেছে? কোন্ প্রসঙ্গে এ-কথা বলা হয়েছে, সংক্ষেপে বর্ণনা করো।

(খ) টীকা লেখো : পবিত্র।

(গ) 'গুণধরের অসুখ' নাটকে নেপথ্যবাসিনী গুণধরের মা এবং রঙ্গমঞ্চে উপস্থিত গুণধরকে নিয়ে যে দৃশ্যটি বর্ণিত হয়েছে, তাতে হাস্যরসের অন্তরালে আছে চরম বেদনার অশ্রুজল। সংক্ষেপে দৃশ্যটি ব্যাখ্যা করে উক্ত বক্তব্যের যথার্থতা বিচার করো।

(ঘ) সুজিৎ চৌধুরীর 'দিদিমণি'র চারিত্রিক উদারতার উদাহরণ দাও।

(ঙ) টীকা লেখা : সুহাসা পালিত।

(চ) সুজিৎ চৌধুরীর মায়ের শৈশবকালীন সারল্যের গল্প সংক্ষেপে বর্ণনা করো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) গুণধরের জীবনের 'ডাক্তার পর্ব'টি সংক্ষিপ্ত হলেও ডাক্তারের জীবনে সে গভীর ছাপ ফেলেছে তার আচরণ, কথাবার্তা ও ব্যাখ্যা-বিশ্লেষণের দ্বারা।—প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির সত্যতা বিচার করো।

(খ) অ্যাবসার্ড নাটক হিসেবে 'গুণধরের অসুখ' নাটকটি কতখানি সার্থক হয়েছে, উদাহরণ ও যুক্তি দিয়ে আলোচনা করো।

(গ) সমাজের সাধারণ দৃষ্টিতে পাগলরূপে প্রতিভাত গুণধর 'প্রচলিত সামাজিকতার নিরিখে এক ব্যতিক্রমী চরিত্র'। উক্তিটির আলোকে গুণধরের চারিত্রিক বৈশিষ্ট্য বিশ্লেষণ করো।

(ঘ) গভীর মননধর্মী ভাবের নাটক হলেও 'গুণধরের অসুখ' নাটকটিতে প্রচুর হাস্যরসের নিদর্শন রয়েছে, যার দ্বারা নাটকটি একটি বিশেষ গতি লাভ করেছে। আলোচনা করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) স্মৃতিকথা হিসেবে 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থটি কতখানি সার্থক হয়েছে, তোমার পাঠ্যতালিকাভুক্ত অধ্যায়গুলি অবলম্বনে আলোচনা করো।

(খ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থটির প্রথম পর্বের প্রথম অধ্যায়টির নাম 'ইস্কুলবাড়ি'। এই প্রথম অধ্যায়টি আলোচনা প্রসঙ্গে এর নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) সুজিৎ চৌধুরীর বাবার চরিত্র আলোচনা করো।

(ঘ) ''আমাদের শৈশবে গ্রামের মানুষের যৌথ বিনোদনের সর্বশ্রেষ্ঠ মাধ্যম ছিল যাত্রাগান।'' 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে সুজিৎ চৌধুরী এই যাত্রাগানের যে বিশদ আলোচনা করেছেন তা সংক্ষেপে লিপিবদ্ধ করো।





## ( প্রতিবেশী সাহিত্য )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ''মোর মনর রাজ্যত মই ইয়ান অকলশরীয়া।'' বক্তা কে?

(খ) রাজমাও-এর বয়স কত?

(গ) 'চাওডাঙ' শব্দের অর্থ কী?

(ঘ) কাঞ্চন কুঁয়রীর মা কী নামে পরিচিত?

(ঙ) সুদর্শনের পিতার নাম কী?

(চ) লোকে কার নাম 'পেত্নিপদা' দিয়েছিল?

(ছ) জজকোর্টে আসামি রামচন্দ্র মঙ্গরাজের তরফের উকিলটির নাম কী?

(জ) বাবুদের ঘাট তাঁতিঘাট থেকে কত তফাতে?

(ঝ) ব্রাহ্মণপাড়ার শেষ মাথায় বাঁধানো বেদীতে কার পূজা হয়?

(ঞ) ''তুই চাষ করতে জানিস আর নাই জানিস, কর্জ ধানের সুদ এক বিশ্বা করে আদায় করলে তবে জানবি।'' 'বিশ্বা' শব্দের অর্থ কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ''যিটো দেশ-দস্তুর, ভগবন্তই বান্ধি দিয়া বিধান,
তাক আমি পালিবলৈ আগবাঢ়িছো মাথোন।''

বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

(খ) ''এই শাকিনীক কারেঙত থলে যি হৈছে দেখিছেই নহয়।''
বক্তা কে? কাকে উদ্দেশ্য করে 'শাকিনী' বলা হয়েছে?

(গ) চম্পাকে 'শিখরিদশনা' এবং 'পক্কবিম্বাধরোষ্ঠী' বলার কারণ কী?

(ঘ) আলি মিঞার আসল নাম কী? তিনি প্রথমে কী কাজ করতেন?

(ঙ) অসুর দিঘিতে কয়টি ঘাট আছে? এদের মধ্যে কোনটি শ্মশান-ঘাট?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'কারেঙর লিগিরি' নাটকের প্রথম অঙ্কের তৃতীয় দর্শনে কাঞ্চন কুঁয়রীর পিতৃগৃহের কোঠাটির যে বর্ণনা দেওয়া হয়েছে তা সংক্ষেপে লিপিবদ্ধ করো।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

''শতাব্দী ধরি গোট খাই থকা সমাজর আবর্জনা ধুই সমাজক নির্মল আরু পবিত্র করিবলৈ এক প্রলয়র অতি আবশ্যক হৈছে।''

(গ) ''বুজিছো ই তোর অনন্ত নৃত্য। ব্যর্থ প্রেমিকর ব্যর্থ নৃত্য।''
প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এ-কথার তাৎপর্য বিশ্লেষণ করো।





(ঘ) 'উনিশ বিঘা দুই কাঠা' (ছ মাণ আঠ গুণ্ঠ)-এর ১৫নং অধ্যায়ে আলোচিত 'বাঘসিংহবংশ'-এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) রামচন্দ্র মঙ্গরাজের ধর্মনিষ্ঠার উদাহরণস্বরূপ ব্রাহ্মণভোজনের একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(চ) চম্পা শারিআকে কেন ও কীভাবে ছলনা করেছিল তা অতি সংক্ষেপে ব্যক্ত করো।

৪। (ক) 'কারেঙর লিগিরি' নাটকের নায়ক হিসেবে সুন্দর কোঁয়রের চরিত্র কতখানি সার্থক হয়েছে, আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'কারেঙর লিগিরি' নাটকের অগ্রগতিতে অপ্রধান চরিত্রগুলির ভূমিকা কীরূপ, আলোচনা করো।

৫। (ক) '' 'কারেঙর লিগিরি'ত জ্যোতিপ্রসাদর বৈপ্লবিক চিন্তা-চর্চার স্পষ্ট আভাস পোয়া যায়।'' 'কারেঙর লিগিরি' নাটক অবলম্বনে সমালোচকের এই উক্তি কতখানি গ্রহণযোগ্য, আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'শেওয়ালি'-র চরিত্র বিশ্লেষণ করে 'কারেঙর লিগিরি' নাটকে তার ভূমিকা সম্পর্কে আলোচনা করো।